গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৭- ১৩৫

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৬
২৬.০২.২০২০

আদেশ

যেহেতু, ডাঃ মনোরঞ্জন খান (৩৫৩৪৭), সিনিয়র কনসালটেন্ট, কার্ডিওলজি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা গত ২১.১১.২০১৬ তারিখে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকায় চামেলী দাস নামে জনৈক রোগীর সঠিক Diagnosis এ উপনীত না হয়ে এনজিওগ্রাম ও এনজিওপ্লাস্টি করার কাজে সহযোগিতা এবং রোগীকে যথাযথ পর্যবেক্ষণ না করার ফলে ঐ তারিখ রাতে রোগী মৃত্যুবরণ করেন। যেহেতু মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক উক্ত মৃত্যুর বিষয়ে প্রকাশিত সংবাদ তদন্ত করার জন্য একটি কমিটি গঠন করা হয়। যেহেতু তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি রোগী চামেলী দাসের এনজিওগ্রাম ও এনজিওপ্লাস্টির পূর্বে রোগের লক্ষণ ও রিপোর্ট পর্যালোচনা করে একটি সঠিক Diagnosis-এ উপনীত না হয়ে এনজিওগ্রাম ও এনজিওপ্লাস্টির মত ঝুঁকিপূর্ণ চিকিৎসা ব্যবস্থাপনা গ্রহণে সহযোগিতা করে কর্তব্য কাজে ও দায়িত্বে চরম অবহেলা প্রদর্শন করেন এবং ইউনিটের কার্যক্রমে সিনিয়র কনসালটেন্ট হিসেবে তাঁর সম্পৃক্ততার অভাব পরিলক্ষিত হয়েছে মর্মে তদন্ত কমিটি মতামত প্রদান করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' (বর্তমানে সরকারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ') এর দায়ে ০৪.০৫.২০১৭ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৭-২২৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করার পর তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তান্তে "সমস্ত তথ্য-প্রমাণ, দলিলাদি এবং অভিযুক্ত ডাঃ মনোরঞ্জন খান (৩৫৩৪৭) এর মৌখিক ও লিখিত সাক্ষ্য পর্যালোচনা পূর্বক তদন্ত কমিটি সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে, রোগী চামেলী দাসের মৃত্যুতে ডাঃ মনোরঞ্জন খান (৩৫৩৪৭) এর কর্তব্য-কর্মে অবহেলা বা দায়িত্বহীনতার কোনো প্রমাণ পাওয়া যায়নি এবং উক্ত রোগীর মৃত্যুর ঘটনায় তার সম্পৃক্ততার কোনো প্রমাণ পাওয়া যায়নি" মর্মে মতামত প্রদান করেছেন;

সেহেতু, ডাঃ মনোরঞ্জন খান (৩৫৩৪৭), সিনিয়র কনসালটেন্ট, কার্ডিওলজি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' (বর্তমানে সরকারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ') এর অভিযোগ তদন্ত প্রতিবেদনের আলোকে সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় স্বাস্থ্য সেবা বিভাগের ০৪.০৫.২০১৭ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৭-২২৫ নং স্মারকে রুজুকৃত বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৬/২/২০

(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৭- ১৩৫/১(১১)

তারিখঃ ২৬.০২.২০২০

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর,তেজগাঁও, ঢাকা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ মনোরঞ্জন খান (৩৫৩৪৭), সিনিয়র কনসালটেন্ট, কার্ডিওলজি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। অফিস কপি।

২৬/২/২০২০

মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

তারিখঃ ১০ ফাল্গুন ১৪২৬
২৩.০২.২০২০

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৭-১৩৬

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ আরিফুর রহমান (১১১০১৩), জুনিয়র কনসালটেন্ট, কার্ডিওলজি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা গত ২১.১১.২০১৬ তারিখে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকায় চামেলী দাস নামে জনৈক রোগীর সঠিক Diagnosis এ উপনীত না হয়ে এনজিওগ্রাম ও এনজিওপ্লাস্টি করার কাজে সহযোগিতা এবং রোগীকে যথাযথ পর্যবেক্ষণ না করার ফলে ঐ তারিখ রাতে রোগী মৃত্যুবরণ করেন। যেহেতু মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক উক্ত মৃত্যুর বিষয়ে প্রকাশিত সংবাদ তদন্ত করার জন্য একটি কমিটি গঠন করা হয়। যেহেতু তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি রোগী চামেলী দাসের এনজিওগ্রাম ও এনজিওপ্লাস্টির পূর্বে রোগের লক্ষণ ও রিপোর্ট পর্যালোচনা করে একটি সঠিক Diagnosis-এ উপনীত না হয়ে এনজিওগ্রাম ও এনজিওপ্লাস্টির মত ঝুঁকিপূর্ণ চিকিৎসা ব্যবস্থাপনা গ্রহণে সহযোগিতা করে কর্তব্য কাজে ও দায়িত্বে চরম অবহেলা প্রদর্শন করেন এবং ইউনিটের কার্যক্রমে জুনিয়র কনসালটেন্ট হিসেবে তাঁর সম্পৃক্ততার অভাব পরিলক্ষিত হয়েছে মর্মে তদন্ত কমিটি মতামত প্রদান করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' (বর্তমানে সরকারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ') এর দায়ে ০৪.০৫.২০১৭ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৭-২২৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করার পর তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তান্তে "সমস্ত তথ্য-প্রমাণ, দলিলাদি এবং অভিযুক্ত ডাঃ মোঃআরিফুর রহমান (১১১০১৩) এর মৌখিক ও লিখিত সাক্ষ্য পর্যালোচনা পূর্বক তদন্ত কমিটি সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে, রোগী চামেলী দাসের মৃত্যুতে ডাঃ আরিফুর রহমান (১১১০১৩) এর কর্তব্য-কর্মে অবহেলা বা দায়িত্বহীনতার কোনো প্রমাণ পাওয়া যায়নি এবং উক্ত রোগীর মৃত্যুর ঘটনায় তার সম্পৃক্ততার কোনো প্রমাণ পাওয়া যায়নি" মর্মে মতামত প্রদান করেছেন;

সেহেতু, ডাঃ মোঃ আরিফুর রহমান (১১১০১৩), জুনিয়র কনসালটেন্ট, কার্ডিওলজি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' (বর্তমানে সরকারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ') এর অভিযোগ তদন্ত প্রতিবেদনের আলোকে সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় স্বাস্থ্য সেবা বিভাগের ০৪.০৫.২০১৭ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৭-২২৬ নং স্মারকে রুজুকৃত বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৩/২/২০
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

তারিখঃ ২৩.০২.২০২০

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৭-১৩৬/১(১১)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর,তেজগাঁও, ঢাকা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ মোঃ আরিফুর রহমান (১১১০১৩), জুনিয়র কনসালটেন্ট, কার্ডিওলজি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। অফিস কপি।

২৩/২/২০২০
মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

E:\momin\Order-2018\Realease from Charge-1.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.০৭০.১৯- ১৩৭

তারিখঃ ১০ ফাল্গুন.১৪২৬
২৬.০২.২০২০

আদেশ

যেহেতু, ডাঃ জায়দা জালাল সরকার (১২০৫২৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সরিষাবাড়ি, জামালপুর সংযুক্তঃ কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা গত ০৪.০৮.২০১৬ তারিখ হতে ১৫ (পনের) দিনের মঞ্জুরিকৃত বহিঃ বাংলাদেশ ছুটি ভোগের পর ১৯.০৮.২০১৬ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভবাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১৫.০৮.২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৭০.১৯-৪৪০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ১৮.০২.২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ জায়দা জালাল সরকার (১২০৫২৭) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ জায়দা জালাল সরকার (১২০৫২৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সরিষাবাড়ি, জামালপুর সংযুক্তঃ কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ০২ (দুই)টি বাৎসরিক বেতন বৃদ্ধি আগামী ০২ বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো এবং তার বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো। তার ১৯.০৮.২০১৬ হতে ২০.০১.২০২০ পর্যন্ত মোট ৩ বছর ৫ মাস ১ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৬/২/২০
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.০৭০.১৯- ১৩৭/১ (৭)

তারিখঃ ২৬.০২.২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।

৩। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা।

৪। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।

৭। সিভিল সার্জন, জামালপুর।

৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ি, জামালপুর।

১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সরিষাবাড়ি, জামালপুর।

১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (**মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য**)।

১৩। ডাঃ জায়দা জালাল সরকার (১২০৫২৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সরিষাবাড়ি, জামালপুর সংযুক্তঃ কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা

১৩। অফিস কপি।

মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.১৩৩.২০১৯- ১৩৮

তারিখঃ ১০ ফাল্গুন ১৪২৬
২৩.০২.২০২০

আদেশ

যেহেতু, ডাঃ শেখ আব্দুল মোমেন (১০৮৭৫৭), সহকারি অধ্যাপক, প্যাথলজি, সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা গত ১৫.০৬.২০১৯ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৭.১০.২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.১৩৩.২০১৯-৬০৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৩.১২.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয় এ

সেহেতু, ডাঃ শেখ আব্দুল মোমেন (১০৮৭৫৭), সহকারি অধ্যাপক, প্যাথলজি, সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(স্বাক্ষরিত) ২৩/২/২০
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.১৩৩.২০১৯- ১৩৮/১ (১২)

তারিখঃ ২৩.০২.২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
৪। অধ্যক্ষ, সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা।
৫। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সাতক্ষীরা।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১। ডাঃ শেখ আব্দুল মোমেন (১০৮৭৫৭), সহকারি অধ্যাপক, প্যাথলজি, সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা।
১২। অফিস কপি।

(স্বাক্ষরিত) ২৩/২/২০২০
মোঃ আবদুস সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

E:\momin\Order-2018\Realease from Charge-1 doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.১২৬.১৯- ১৩৯

তারিখঃ ১০ ফাল্গুন ১৪২৬
২৩.০২.২০২০

আদেশ

যেহেতু, ডাঃ ফারহানা রহমান (১২০৬৬১), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা প্রেষণে- ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা গত ২৫.০৪.২০১৭ হতে ০৪.০৯.২০১৮ তারিখ পর্যন্ত মোট ০১ বছর ০৪ মাস ০৯ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৯.১০.২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.১২৬.১৯-৩১৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ১৮.০২.২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ ফারহানা রহমান (১২০৬৬১) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ ফারহানা রহমান (১২০৬৬১), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা প্রেষণে- ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক 'অসদাচরন' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ০১ (এক)টি বাৎসরিক বেতন বৃদ্ধি আগামী ০১ বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো এবং তার বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো। তার অনুপস্থিতকালীন গত ২৫.০৪.২০১৭ হতে ০৪.০৯.২০১৮ তারিখ পর্যন্ত মোট ০১ বছর ০৪ মাস ০৯ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(স্বাক্ষরিত) ২৩/২/২০
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.১২৬.১৯- ১৩৯/১(১৩)

তারিখঃ ২৩.০২.২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
৩। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৪। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। ডাঃ ফারহানা রহমান (১২০৬৬১), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা প্রেষণে- ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা
১১। অফিস কপি।

(স্বাক্ষরিত) ২৩/২/২০২০
মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

মুজিব শতবর্ষ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৬.২০১৫- ১৪০

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৬
২৭.০২.২০২০

আদেশ

যেহেতু, ডাঃ কাজী আবুল হাসান (৩১২১১), অবসর-উত্তর ছুটি ভোগরত অধ্যাপক (চঃ দাঃ), পেডিয়াট্রিক কার্ডিয়াক সার্জারি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা "৮ম বিসিএস এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে ২০.১২.১৯৮৯ তারিখে সহকারী সার্জন হিসেবে সরকারি চাকুরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রকল্পে সহকারী অধ্যাপক পদে নিয়োগ প্রাপ্ত হয়ে ও রাজস্ব খাতের পূর্বপদ হতে অব্যাহতি প্রাপ্ত হয়ে গত ২৩.০৯.২০০৩ তারিখে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে যোগদান করেন। যেহেতু তিনি প্রকল্পে নিয়োগ প্রাপ্ত হয়ে এবং ক্যাডারভুক্ত কর্মকর্তা না হয়েও ৮ম বিসিএস এর একজন কর্মকর্তা হিসেবে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির আবেদন করেন এবং স্বাস্থ্য অধিদপ্তরের সুপারিশের আলোকে তাকে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করা হয়। যেহেতু, তথ্য গোপন করে তার পদোন্নতি প্রাপ্তির বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন প্রকল্পে নিয়োগের বিষয়টি গোপন করে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি পাওয়ার বিষয়টি প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে" বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ (বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ') এর দায়ে ২৬.০১.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৬.২০১৫-৭১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ১৮.০২.২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ কাজী আবুল হাসান (৩১২১১) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদান করেছেন;

সেহেতু, ডাঃ কাজী আবুল হাসান (৩১২১১), অবসর-উত্তর ছুটি ভোগরত অধ্যাপক (চঃ দাঃ), পেডিয়াট্রিক কার্ডিয়াক সার্জারি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ (বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ') অভিযোগ প্রমাণিত হয়নি বিধায় 'অসাদাচরণ' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(স্বাক্ষর) ২৬/২/২০

(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৬.২০১৫-১৪০/১(১৪)

তারিখঃ ২৭.০২.২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
৪। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা।
৫। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১। ডাঃ কাজী আবুল হাসান (৩১২১১), অবসর-উত্তর ছুটি ভোগরত অধ্যাপক (চঃ দাঃ), পেডিয়াট্রিক কার্ডিয়াক সার্জারি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা
১২। অফিস কপি।

(স্বাক্ষর) ২৬/২/২০২০

মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd